দৈনিক ইত্তেফাক

84

তারিখ ... AUG 1 6 1999

পৃষ্ঠা 8 ... কলাম 6

## এমপিওভুক্তির আবেদন

কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন হোগলাকান্দি উচ্চ বিদ্যালয়টি ১৯৭৩ সালে প্রতিষ্ঠিত হইয়া '৯৪ সাল পর্যন্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসাবে পরিচালিত হয়। '৯৫ সালে নবম শ্রেণী খোলা হয় এবং '৯৭ সালে ছাত্ররা এসএসসি পরীক্ষায় অংশ নেয়। এই বিদ্যালয়ে ক্লাসসহ সাপ্তাহিক,মাসিক অনুশীলন পরীক্ষা অনুষ্ঠিত হয়। এসএসসি পরীক্ষার ফলাফল সন্তোষজনক। অতীব দুঃখের বিষয়, এতদ্‌সত্ত্বেও হাই স্কুল শাখার শিক্ষক ও কর্মচারিগণ তাঁহাদের সরকারী বেতনের অংশের টাকা এ পর্যন্ত পান নাই। বর্তমানে তাঁহারা আর্থিক দৈন্যের কারণে মানবেতর জীবন কাটাইতেছেন। উল্লেখ্য যে, ইতিপূর্বে বিদ্যালয়টি এমপিওভুক্তির ব্যাপারে বহু আবেদন-নিবেদন করা হইয়াছে। এমনকি আশ্বাসও মিলিয়াছে। তবু এমপিওভুক্ত হয় নাই। যাহা হউক, সত্বর বিদ্যালয়টিকে এমপিওভুক্ত করিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ শফিউল আলম,
গ্রামঃ বীরকাটিহারী,
ডাকঃ পিপলাকান্দি,
উপজেলাঃ হোসেনপুর,
জেলাঃ কিশোরগঞ্জ।